বদরগঞ্জ উপজেলা পরিষদ

জেলাঃ রংপুর

# উপজেলা পরিষদের মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ মিজানুর রহমান
প্রশাসক
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ০৮ এপ্রিল ২০২৫খ্রিঃ

সময় ঃ ১০.৩০ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, এসএসসি, এইচএসসি সহ সকল পাবলিক পরীক্ষায় ব্যবহারের জন্য ইতোপূর্বে ইউজিডিপি হতে প্রদত্ত বেঞ্চ সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান সঠিকভাবে ব্যবহার করছে। অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান হতে এ ধরনের চাহিদা পাওয়া গেছে যা এই অর্থবছরের বরাদ্দ দ্বারা বাস্তবায়ন করার সুপারিশ করা যেতে পারে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় সংখ্যক বেঞ্চের জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বদরগঞ্জ |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ ইউজিডিপি-এর আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ কাজের অগ্রগতি**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলায় যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাবলিক পরীক্ষার ফলাফল ভালো, শিক্ষার্থীর সংখ্যার তুলনায় বেঞ্চ এর সংখ্যা অপ্রতুল এবং যেসব প্রতিষ্ঠানে পরীক্ষা চলাকালীন সময়ে সুষ্ঠুভাবে ক্লাস পরিচালনা ও পরীক্ষা কার্যক্রম পরিচালনা করা দূরূহ হয়ে পড়ে। এছাড়া বেঞ্চ ঘাটতির ফলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী উপস্থিতির হার অশংকাজনকহারে কমে যায়। এমতাবস্থায় উক্ত বিদ্যালয়গুলোতে বেঞ্চ সরবরাহ করলে বিদ্যালয়ের অবকাঠামোগত ঘাটতি দূর করতে সহায়ক হবে এবং শিক্ষা কার্যক্রমের স্বাভাবিক গতি অব্যাহত থাকবে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটির মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বদরগঞ্জ |

| | | |
|---|---|---|
| এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br>(ক) শেণীকক্ষ ও পরীক্ষা কেন্দ্রগুলোতে বেঞ্চ-এর স্বল্পতা দূর হবে;<br>(খ) অনুকূল পরিবেশে শিক্ষার্থীরা ক্লাস করতে পারবে ও পরীক্ষা দিতে পারবে;<br>(গ) শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হার বাড়বে;<br>(ঘ) জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ০৪নং লক্ষ্যমাত্রা মানসম্মত শিক্ষা অর্জনে ভূমিকা রাখবে;<br>(ঙ) জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ০৯নং লক্ষ্যমাত্রা অবকাঠামো উন্নয়নে ভূমিকা রাখবে এবং<br>(চ) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হবে এবং শিক্ষার গুনগত মান বৃদ্ধি পাবে। | | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ মিজানুর রহমান)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং-৩৭.০২.৮৫০৩.০০০.০৬.০০০.২০২৫.১১০ তারিখঃ ০৮/০৪/২০২৫খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৫। উপজেলা................................ কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান, .............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৭। অফিস কপি।

(আবু সাঈদ মোঃ আরিফ মাহফুজ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
এবং
সদস্য সচিব
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
বদরগঞ্জ, রংপুর।